



# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH

CABLE:CHEMICORP TELEX:632226 BCIC BJ,FAX:880-2-9564120.PHONE:PABX:9559281-82,85,9562240-41

নং-৩৬.০১.০০০০.১২১.১৯.০০১.২০/ ৭০৪

০৫ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ

তারিখঃ \_\_\_\_\_


১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

-: অফিস আদেশ :-

সংস্থার প্রয়োজনে, ক্ষেত্রমতে সংশ্লিষ্টদের আবেদনের পরিপ্রেক্ষিতে সংস্থা ও সংস্থাধীন কারখানাসমূহের মধ্যে শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বদলী করা হয়ে থাকে। সংস্থার প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারী এবং কারখানার শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের মধ্যে আইন, বিধি বিধান, প্রমোশন নীতিমালা, পদ্ধতি, আর্থিক সুবিধাদি ইত্যাদি বিষয়ে ভিন্নতা থাকায় শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের অনুরূপ বদলীতে নানাবিধ আইনি, আর্থিক ও প্রশাসনিক জটিলতা তৈরী হচ্ছে। সেই প্রেক্ষাপটে আলোচ্য ক্ষেত্রে প্রশাসনিক, আর্থিক ও আইনগত জটিলতা নিরসনকল্পে ০৩/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত বিসিআইসি বোর্ডের ১৮০৮ (২০২০/৫) তম সভার সিদ্ধান্তক্রমে সংস্থা কর্তৃক নিম্নরূপ অফিস আদেশ জারী করা হলো:

- ক) সংস্থার প্রয়োজনে সংস্থার প্রধান কার্যালয় কর্তৃক সংস্থার প্রধান কার্যালয়ের জন্য নিয়োগকৃত হয়ে সংস্থার প্রধান কার্যালয়ে কর্মরত কোন কর্মচারী এবং ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তাকে সংস্থাধীন কোন কারখানায় বদলী করা হলে উক্ত কর্মচারী/কর্মকর্তার চাকরির স্বত্ব (Lien) সংস্থার প্রধান কার্যালয়ে বহাল থাকবে। তিনি বিসিআইসি পদোন্নতি নীতিমালা ও পেনশন স্কীমের আওতাধীন থাকবেন এবং এ সংক্রান্তে সংস্থার প্রধান কার্যালয়ের কর্মচারী/কর্মকর্তাদের জন্য প্রযোজ্য সুবিধাদি প্রাপ্য হবেন। তার চাকরি, পদোন্নতি ও বদলী সংস্থার প্রধান কার্যালয় কর্তৃক নিয়ন্ত্রিত হবে। তবে কারখানায় কর্মরত থাকাকালে বাড়ি ভাড়া ভাতাসহ বদলীকৃত কর্মস্থলের অন্যান্য প্রচলিত আর্থিক বিধি-বিধান তার ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী/কর্মকর্তার অবসর গ্রহণের সুবিধার্থে অবসর গ্রহণের নূন্যতম একমাস পূর্বে তাকে প্রধান কার্যালয়ে পদায়ন করতে হবে।
- খ) সংস্থার প্রধান কার্যালয় কর্তৃক সংস্থার প্রধান কার্যালয়ের জন্য নিয়োগকৃত হয়ে সংস্থার প্রধান কার্যালয়ে কর্মরত কোন কর্মচারী এবং ১০ম গ্রেডভুক্ত কোন কর্মকর্তা স্বেচ্ছায় আবেদনের মাধ্যমে সংস্থাধীন কোন কারখানায় বদলী হলে সে ক্ষেত্রে তার চাকরির স্বত্ব (Lien) বদলীকৃত কারখানার অনুকূলে স্থানান্তরিত হবে এবং তিনি বদলীকৃত কারখানার কর্মচারী/কর্মকর্তা হিসেবে গণ্য হবেন এবং বদলীকৃত কারখানার জন্য প্রযোজ্য চাকরির নিয়োগ, পদোন্নতি নীতিমালা, অন্যান্য আইন ও বিধি-বিধানের আওতাধীন থাকবেন যা তার বদলী আদেশে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- গ) সংস্থাধীন কোন কারখানায় নিয়োগ প্রাপ্ত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাকে সংস্থার প্রধান কার্যালয়ে বদলী করা হলে তার চাকরির স্বত্ব (Lien) নিয়োগকৃত কারখানায় বহাল থাকবে। সেক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট কারখানার শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা হিসেবে গণ্য হবেন এবং কারখানার জন্য প্রযোজ্য চাকরি, নিয়োগ, পদোন্নতি নীতিমালা, অন্যান্য আইন ও বিধি-বিধানের আওতাধীন থাকবেন। তবে বদলীকৃত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা সংস্থার প্রধান কার্যালয়ে কর্মরত থাকাকালে বাড়ি ভাড়া ভাতাসহ প্রধান কার্যালয়ের অন্যান্য প্রচলিত আর্থিক বিধি-বিধান তার ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শ্রমিক/কর্মচারী/কর্মকর্তার অবসর গ্রহণের সুবিধার্থে অবসর গ্রহণের নূন্যতম একমাস পূর্বে তাকে সংশ্লিষ্ট কারখানায় ফেরত পাঠাতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
১৮.০২.২০২০

(মোঃ ছাকী হোসেন)

চীফ অব পার্সোনেল, বিসিআইসি

ফোন নং-৯৫৫১৮০৯

e-mail: cop@bcic.gov.bd

বিতরণ :

০১। পরিচালক সকল (.....), বিসিআইসি।

০২। সকল বিভাগ/অনু-বিভাগ (.....), বিসিআইসি।

০৩। সকল ব্যবস্থাপনা পরিচালক (.....)।

০৪। মহাব্যবস্থাপক (আইসিটি), অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

০৫। দপ্তর নথি।

০৬। মহা নথি।

E:\LSA16\Pad\_13\_02\_2020.doc

আইসিটি বিভাগ  
গ্রহণ  
তারিখ: ১৯/২/২০২০  
স্মরণ: ৩/১৫

S.A-2  
১৯/২/২০২০  
As w/Load  
19.02.2020